



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড  
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED  
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)  
Web-site: www.dpdc.org.bd

দপ্তর  
নির্বাহী পরিচালক (অপারেশন)  
বিদ্যুৎ ভবন (৩য় তলা)  
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
ফোনঃ ৯৫৬৩৪০৭  
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-১২১/এ


তারিখ: ১৪/০১/২০২১ ইং।

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির এপিএ টিমের মাসিক সভার (জানুয়ারী/২০২১) কার্যবিবরণী।**

অদ্য ১৪/০১/২০২১ ইং তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে এপিএ টিমের মাসিক সভা (জানুয়ারী/২০২১) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ২য় ত্রৈমাসিক অর্জনের প্রতিবেদন প্রমাণকসহ প্রস্তুত করণ।	এপিএ টিমের সদস্য সচিব জনাব শেখ সেলিমুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর, ২০২০) মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে দাখিল করতে হবে।	সার্কুলার অনুযায়ী ডিপিডিসি'র সকল দপ্তর ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর, ২০২০) অর্জনের প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক দপ্তর কর্তৃক কমপাইল করে সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক এর মাধ্যমে যথা সময়ে প্রেরণের ব্যবস্থা করবেন। প্রদত্ত রিপোর্টগুলো যথাসময়ে APAMS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।	সকল নির্বাহী পরিচালক/ প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক (অর্থ) আরএ
০২	১১ কেভি ফিডার অটোমেশন	সভাপতি ১১ কেভি ফিডার অটোমেশনের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে ১০টি ফিডার অটোমেশনের আওতায় এসেছে এবং বাকীগুলোর কাজ চলমান আছে। তবে কাজগুলো যথাসময়ে শেষ করতে হলে জরুরী ভিত্তিতে একটি সফট ওয়ার ক্রয় করা প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন।	সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সফট ওয়ার কেনার প্রক্রিয়া নির্ধারণ এবং এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য একটি কমিটি গঠনের নির্দেশ দেন।	নির্বাহী প্রকৌশলী, অপারেশন এর দপ্তর

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪.০১.২০২১

(প্রকৌঃ মোঃ গিয়াস উদ্দিন জোয়াদার)

নির্বাহী পরিচালক (অপারেশন) (অতিঃ দায়িত্ব), ডিপিডিসি।

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ২। নির্বাহী পরিচালক (আডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/প্রকৌশল/অর্থ), ডিপিডিসি।
- ৩। কোম্পানী সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ..... ডিপিডিসি।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ..... ডিপিডিসি।
- ৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, ..... ডিপিডিসি।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল-০০১